

খাল খনন কাজের জন্য পুরস্কৃত

(নিজস্ব সংবাদদাতা)

বারিশাল ৩১শে অক্টোবর।— গত ২৬শে অক্টোবর এখানকার অস্থানীয় কর্মীর হলে ৫০-৮২ সালে খাল খনন কর্মসূচীতে অংশগ্রহণকারীদের মধ্যে পুরস্কার বিতরণ করা হয়।

জেলা প্রশাসক জনাব আবদুল আউয়ালের সভাপতিত্বে অনুষ্ঠিত এই পুরস্কার বিতরণী সভায় প্রধান অতিথি ছিলেন জেলা সমন্বয়কারী জনাব মোশাররফ হোসেন, শাহজাহান এমপি এবং বিশেষ অতিথি ছিলেন খুলনা বিভাগের কমিশনার জনাব ইনামুল হক। তারা খাল খনন কর্মসূচীর তাৎপর্য ব্যাখ্যা করে বক্তব্য রাখেন।

জেলার ৫টি মহকুমার ৫ জন সার্কেল এফিসারকে (ইউনিয়ন) তিন ব্যান্ডের ৫টি রেডিও, ২৬ জন ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান ও ২৬টি শিক্ষা প্রতিষ্ঠানকে ৫২টি সিল্ড এবং ২৬টি গরম প্রতিরক্ষা বাহিনীকে ২৬টি টেবুলাইট পুরস্কার দেয়া হয়।

এছাড়া স্বেচ্ছাসেবী খাল খননে কতিতের জন্য কর্মীদের মধ্যে ৬শ প্রশংসাপত্র প্রদান করা হয়। বিভাগীয় কমিশনার পুরস্কার বিতরণ করেন।